রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১৭, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক ও বিক্রয় কর)

আদেশ

ঢাকা, ২৮শে পৌষ, ১৩৯৪/১৫ই ডিসেম্বর, ১৯৮৭

নং এস, আর, ও ২৯০-আইন/৮৭/১০৯৬/শুল্ক ও বিক্রয় কর—Customs Act, 1969 (IV of 1969)-এর section 21(b) এবং Sales Tax Ordinance, 1982 (XVIII of 1982)-এর section 5Aতে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নিম্নলিখিত শর্তসাপেক্ষে, তৈরী পোষাক শিল্পে পণ্য উন্নয়ন ও পণ্য বহুমুখীকরণের সুবিধার্থে একটি ১০০% রপ্তানীমুখী পোষাক শিল্প ইউনিট কর্তৃক প্রতি আর্থিক বৎসরে ক্যাটাগরী পিছু সর্বোচ্চ দশটি করিয়া নমুনা আমদানীর ক্ষেত্রে উহার উপর আরোপণীয় শুল্ক ও বিক্রয় কর আদায় না করিয়া খালাস দিবার আদেশ প্রদান করিলেন, যথাঃ—

(১) মাল খালাস দিবার পূর্বে আমদানী শুল্ক-স্টেশনে নমুনাগুলি এমনভাবে নষ্ট (deface) করিতে হইবে যাহাতে উহাদের বাজারজাতকরণ সম্ভব না হয়; এবং

(২) শুল্ক কর্তৃপক্ষ সংশ্লিষ্ট রপ্তানীমুখী পোষাক শিল্পের পাশ বুকে আমদানীকৃত পণ্যের বিবরণ (ক্যাটাগরী) ও মূল্য লিপিবদ্ধ করিবেন।



মূল্য : ৩০ পয়সা

২। অত্র বোর্ডের ২রা অক্টোবর, ১৯৮৬ তারিখের এস, আর, ও নং ৩৮১-এল/৮৬/১০৩২/কাস আদেশটি এতদ্বারা বাতিল করা হইল।

মুহম্মদ মোবারক আলী মোল্লা
প্রথম সচিব (শুল্ক)।

---

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৮শে পৌষ, ১৩৯৪/১৫ই ডিসেম্বর, ১৯৮৭

নং এস, আর, ও ২৯১-আইন/৮৭/১০৯৪/শুল্ক ও বিক্রয় কর—Customs Act, 1969 (IV of 1969)-এর section 19 এবং Sales Tax Ordinance, 1982 (XVIII of 1982)-এর section 4(I) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে, রপ্তানী উন্নয়নমূলক কাজে ব্যবহারের জন্য রপ্তানী উন্নয়ন ব্যুরো এবং ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ কর্তৃক আমদানীকৃত বা রপ্তানীকৃত তৈরী পোষাক ও হস্ত শিল্পজাত পণ্যের নমুনার উপর আরোপণীয় সম্পূর্ণ শুল্ক ও বিক্রয় কর মওকুফ করিলেন, যথাঃ—

(১) প্রতিটি চালানের ক্ষেত্রে আবেদনের সহিত আবেদনকারী এই মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র দাখিল করিবেন যে নমুনাগুলি শুধুমাত্র রপ্তানী পণ্য উন্নয়ন ও নূতন বাজার সৃষ্টির কাজে ব্যবহৃত হইবে; এবং

(২) আমদানীকৃত ও রপ্তানীকৃত নমুনার বিবরণ ও বিল অব এন্ট্রি/এক্সপোর্ট নম্বর ও তারিখ উল্লেখ করিয়া আবেদনকারী একটি ত্রৈমাসিক বিবরণী জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে
শাহ্ আবদুল হান্নান
অতিরিক্ত সচিব।

---

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৮শে পৌষ, ১৩৯৪/১৫ই ডিসেম্বর, ১৯৮৭

নং এস, আর, ও ২৯২-আইন/৮৭/১০৯৬/কাস—Customs Act, 1969 (IV of 1969)-এর section 21(b) এবং Sales Tax Ordinance, 1982 (XVIII of 1982)-এর section 5A-তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নিম্নলিখিত শর্তসাপেক্ষে, হস্তজাত পণ্য উন্নয়ন ও বহুমুখীকরণের সুবিধার্থে, একজন হস্তশিল্প জাত পণ্য রফতানীকারকের প্রতি আর্থিক বৎসরে সর্বসাকুল্যে ৫০০ ইউ, এস, ডলার (বা উহার সম-পরিমান অন্য কোন বৈদেশিক মুদ্রা) মূল্যের

নমুনা আমদানীর ক্ষেত্রে উহার উপর আরোপণীয় শুল্ক ও বিক্রয় কর আদায় না করিয়া খালাস দিবার আদেশ প্রদান করিলেন, যথা :—

(১) মাল খালাসকরণের আবেদনের সহিত আবেদনকারীকে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন অথবা বাংলাদেশ হ্যান্ডলুম বোর্ড অথবা রপ্তানী উন্নয়ন ব্যুরোর সুপারিশ পত্র পেশ করিতে হইবে; এবং

(২) শুল্ক কর্তৃপক্ষ মাল খালাস দিবার পূর্বে নমুনাগুলি এমনভাবে নষ্ট (deface) করিবেন যাহাতে উহাদের বাজারজাতকরণ সম্ভব না হয়, এবং আমদানীকৃত মালের বিবরণ ও মূল্য আমদানীকারকের এক্সপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেটের পেছনে লিপিবদ্ধ করিবেন।

২। অত্র বোর্ডের ২রা অক্টোবর, ১৯৮৬ তারিখের এস, আর, ও নং-৩৮২-এল/৮৬/১০৩৩/কাস আদেশটি এতদ্দ্বারা বাতিল করা হইল।

মুহম্মদ মোবারক আলী মোল্লা
প্রথম সচিব (শুল্ক)।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।